



কানাডায় নবাগতদের প্রয়োজনীয়তাসমূহ উন্নতভাবে সাধন করার নিমিত্তে তথ্য সংগ্রহকরন

Bengali



নাগরিকত্ব এবং অভিবাসন কানাডা (Citizenship and Immigration Canada / Citoyenneté et Immigration Canada (CIC)) শরণার্থী সহ অভিবাসীদের কানাডায় বসবাস করতে সাহায্য করে। এই লক্ষ্যে নবাগতদের যেমন ভাষা শিক্ষা এবং পেশা উপদেশ সেবাসমূহ প্রদান করার নিমিত্তে আমরা সমগ্র দেশব্যাপি সংগঠনসমূহকে তহবিল প্রদান করে থাকি। নবাগতরা যাতে সঠিক সেবা পায়, তা নিশ্চিত করার জন্য আপনার সাহায্য আমাদের প্রয়োজন।

আপনাকে এই সকল সেবাসমূহ যে সি.আই.সি. তহবিলপ্রাপ্ত সংগঠন প্রদান করে, তারা আপনাকে কিছু ব্যক্তিগত তথ্য প্রদান করতে অনুরোধ করবে: আপনার পুরো নাম, জন্ম তারিখ, অভিবাসন নম্বর বা অভিবাসন দলিল। অনুরোধ করার সময় এই সকল তথ্য প্রদান করার জন্য আপনাদের আমরা জোরালো সুপারিশ করছি।

আপনার সেবা প্রদানকারী সংগঠন এই তথ্যসমূহ সি.আই.সি.-কে প্রদান করবে। এই প্রক্রিয়াকালে আপনার তথ্য আমরা গোপন রাখবো। আপনার অনুমতি ব্যতিত আপনার ব্যক্তিগত তথ্য অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা হবে না। যে কোন সময় আপনার সেবা প্রদানকারীকে এই তথ্য আপনাকে দেখানোর অনুরোধ করার অধিকার আপনার আছে।

সি.আই.সি. কেন ব্যক্তিগত তথ্য সংগ্রহ করে

নবাগতদের প্রয়োজনীয়তা বোঝার জন্য সি.আই.সি ব্যক্তিগত তথ্য সংগ্রহ করে। এই তথ্য নিয়ে আমরা নিশ্চিত করতে পারি যে সেবা প্রদানকারী সংগঠনসমূহ উন্নততর কার্যসম্পাদন করছে, আমাদের তহবিলের অন্তর্ভুক্ত সেবাসমূহ কিভাবে উন্নত করা যায় এবং আমাদের কর্মসূচিসমূহের কার্যকারিতা সম্বন্ধে জনগনকে আবিহিত করা। এই উদ্দেশ্য আমরা আপনার যে সেবাসমূহের প্রয়োজন এবং যে সেবাসমূহ আপনি ব্যবহার করেছেন এই তথ্য আপনি কানাডায় প্রত্যাবর্তনের জন্য যে বিবরণ আপনি প্রদান করেছেন তার সাথে সংযুক্ত করি।

আমাদের কর্মসূচি এবং আপনাকে প্রদত্ত সেবাসমূহের পরিকল্পনা এবং পরিচালনার সাহায্যার্থেও সেবা প্রদানকারী সংগঠনসমূহ এই তথ্য ব্যবহার করে।

সেবাসমূহ আপনার যাতে প্রয়োজনমত হয়, এই তথ্য সেটা নিশ্চিত করতে সাহায্য করে।

আপনার ব্যক্তিগত তথ্য সংরক্ষিত

অভিবাসন এবং শরণার্থী সংরক্ষণ আইন (*Immigration and Refugee Protection Act / Loi sur l'immigration et la protection des réfugiés*),-এর অধীনে যথাপি আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ করার অধিকার সি.আই.সি.-র আছে, কানাডার গোপনীয়তা আইন অনুযায়ী এটা আবশ্যিক যে ফেডারেল সরকার আপনার ব্যক্তিগত তথ্য রক্ষা করবে। গোপনীয়তা আইন (*Privacy Act / Loi sur la protection des renseignements personnels*) দ্বারা অনুমোদিত ক্ষেত্র ব্যতিত আপনার তথ্য প্রকাশ হতে পারে না। আরো তথ্যের জন্য দেখুন <http://laws-lois.justice.gc.ca/eng/acts/P-21/page-3.html#h-6>.

আপনি যে ব্যক্তিগত তথ্য প্রদান করবেন তাহা একটি ব্যক্তিগত তথ্যের ব্যংক, যাহা এক প্রকার ডাটাবেইস, সেখানে মজুত থাকবে, যাহার নাম বসবাসকরণ এবং অঙ্গীভূতকরণ সেবাসমূহ (*Settlement and Integration Services / Services d'établissement et d'intégration*). আপনি যখন কানাডায় প্রত্যাবর্তনের আবেদন করেছিলেন তখনকার দেয়া কিছু তথ্যও এখানে আছে। কানাডার সরকার এই ব্যংকের মালিক। বসবাসকরণ এবং অঙ্গীভূতকরণ সেবাসমূহ ব্যংক (PIB # CIC PPU 062)-এ রাখা ব্যক্তিগত তথ্যের প্রকার সম্বন্ধে জানার জন্য

বিশদ ব্যাখ্যার জন্য দেখুন

www.cic.gc.ca/english/department/atip/index.asp

© Her Majesty the Queen in Right of Canada, represented by the Minister of Citizenship and Immigration, 2013



দেখুন

<http://www.cic.gc.ca/english/department/atip/inforesource/pibs.asp>

আপনি তথ্যের অবগতি অনুরোধ অথবা গোপনীয়তা আইন অনুরোধ করে আপনার ব্যক্তিগত তথ্যের সি.আই.সি. রেকর্ড অর্জন করতে পারেন। বিশদ ব্যাখ্যার জন্য দেখুন

www.cic.gc.ca/english/department/atip/index.asp